

(একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারী আবাসন পরিদপ্তর  
পরিচালকের দপ্তর

www.doga.gov.bd

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৪.১৮.০০৪.২১.৪

**বিষয়:** স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দের জন্য মিরপুর-১, পাইকপাড়া ডি-১ শ্রেণির ১২-০১-২০২৫ তারিখ প্রকাশিত জ্যেষ্ঠতা তালিকা থেকে অপেক্ষমাণ প্রার্থীদের প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তর এর স্বয়ংক্রিয় বাসা বরাদ্দের জন্য ১২ জানুয়ারি ২০২৫ তারিখে মিরপুর-১ পাইকপাড়া ডি-১ শ্রেণির জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা [www.bashaonline.com](http://www.bashaonline.com) ওয়েবসাইটে লগইন করে দেখা যাবে। বাসা প্রাপ্তির জন্য অপেক্ষমাণ প্রার্থীগণকে (ক্রমিক নং ১৩৪-১৬০) আগামী ২৯ জানুয়ারি ২০২৫ তারিখ হতে ২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে নিম্নবর্ণিত ঠিকানায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সেবা ডেস্ক, সরকারি আবাসন পরিদপ্তর,  
বাংলাদেশ সচিবালয় ২ নং গেট (অভ্যর্থনা কক্ষের বাইরে),  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

#### দাখিলীয় কাগজপত্রাদি

- ১। জাতীয় পরিচয়পত্রের কপি (১ কপি)
- ২। পে-ফিল্ডেশন (১ কপি)
- ৩। হালনাগাদ বেতন বিবরণী (আইবাস++ এর কপি) (১ কপি)
- ৪। ডি-১ শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ সংবলিত প্রমাণক (১ কপি)

#### বিশেষ দৃষ্টব্য:

- ১। ডি-১ শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতার ক্রমিক ১৩৪ হতে ১৬০ পর্যন্ত উল্লিখিত আবেদনকারীগণ বর্ণিত কাগজপত্রাদি দাখিল করবেন।
- ২। দাখিলের সময় খামের উপর প্রদত্ত ফলে নিজ অবস্থানের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। উল্লিখিত সকল কাগজপত্রাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত হতে হবে।
- ৪। অনলাইনে দাখিলকৃত তথ্যাদির প্রমাণক হিসেবে সংযুক্ত কাগজপত্রাদি উল্লিখিত কাগজপত্রাদির (হার্ডকপি) অনুরূপ না হলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাছাইকৃত প্রার্থী বাসা বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৫। বরাদ্দপ্রাপক ব্যক্তি বরাদ্দ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অথবা বরাদ্দপত্রে উল্লিখিত তারিখের মধ্যে দখল গ্রহন না করিলে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ বাতিল হবে।
- ৬। বরাদ্দপ্রাপক নিজে দখল গ্রহন না করে অন্য কাউকে অনাপত্তি/সুপারিশ প্রদান করলে তার বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে ২ (দুই) বছরের জন্য বরাদ্দ প্রক্রিয়ায় অংশগ্রহণ হতে বঞ্চিত হবেন।

২৭-০১-২০২৫  
মোঃ শহীদুল ইসলাম ভূঞা  
পরিচালক  
+৮৮০২৫৫১০১০৩৭ (ফোন)  
০২-৯৫৪৬৪৬৩ (ফ্যাক্স)  
director@dog.gov.bd

।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৪.১৮.০০৪.২১.৪/১ (৬)

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন-২ অনুবিভাগ), প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব ( সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৩। ।
- ৪। অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর।
- ৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর।
- ৬। অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর।



২৭-০১-২০২৫  
বিলাল হোসাইন  
সহকারী পরিচালক ডি-১ শ্রেণি (উত্তরা, বনানী ও  
মিরপুর এলাকা)